# সময়ের পর্দার ওপারে

আমি এখানে ঘোষণা করতে চাই যে আপনাদের প্রার্থনার উত্তর দেওয়া হয়েছে, অনেক বছর আগে যখন আমি প্রথম সেবাকার্য শুরু করেছিলাম তখন আমাদের এমন সভা হয়েছিল। আমি কখনোই...আমরা লোকদের বসতেও দিতে পারিনি। আর মেলার মাঠ এবং অন্য সবকিছু নিয়ে, সেখানে তিনটায় যথেষ্ট হবে, স্থানটি পূরণ করার জন্য। তাদের দ্বার বন্ধ করতে হতো, তাদের ভিতরে প্রবেশ করতে দেওয়া হত না। আমরা সাতটা পর্যন্ত সেখানে থাকতাম না। দেখুন ? সব স্থান থেকে হাজার হাজার লোক আসছে। শুধু...

2 আর আমি শেষ সভাতে শেষ পাঁচ রাত নিয়েছিলাম, আর বাক্যকে ঘিরে তৈরি করেছিলাম, বাক্যের শক্তিকে উপলব্ধি করা শুরু করি। দেখুন ? কারণ, বাক্য ঈশ্বর। দেখুন ? "আদিতে বাক্য ছিলেন, বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর বাক্য দেহধারন করিয়া আমাদের মধ্যে বাস করিলেন।"

3 এখন, ইব্রীয় ৪ বলে যে, "ঈশ্বরের বাক্য দ্বিধার খড়্গ অপেক্ষা তীক্ষ্ণ।" দেখুন ? "ঈশ্বরের বাক্য তীক্ষ্ণ, অস্থি ও মজ্জা, এই সকলের বিভেদ পর্য্যন্ত মর্ম্মবেধী, এবং কর্তনকারী, এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।" দেখুন ? এটাই, ঈশ্বরের বাক্য।

4 তারপর যদি সেখানে একটি দান থাকে যেখানে আমরা নিজেকে শিথিল করতে পারি; এবং বাক্য, স্বয়ং, সেটি খ্রীষ্ট, যিনি বাক্য, আমাদের মধ্যে আসেন, এবং মনের চিন্তাগুলিকে ব্যক্ত করেন, যেমন আপনারা এটি দেখেছেন। দেখুন ? কত চমৎকার। তারপর, তিনি যা করেছিলেন এবং যেভাবে তিনি আমাদের আশীর্বাদ করেছেন তা দেখার জন্য ! আর তারপর...

5 সেটি, আমি অনুভব করি যে, চার রাত ধরে সেটিকে বাক্যকে ঘিরে তৈরী করা, শুধু লোকদের শান্ত হতে দিন, আর তারপরে আরাম করুন, এবং পবিত্র আত্মা লোকদের ডাকবেন এবং শ্রোতাদের মধ্যে কিছু করবেন।

6 আর তারপর, শেষ সন্ধ্যায়, গত রবিবার বিকেলে, আমি আমেরিকাতে দেখা সবচেয়ে বড় নিরাময় লাইনগুলির মধ্যে একটি দেখেছি। দেখুন ? তারা...আমি বিলিকে একশো কার্ড দিয়ে পাঠিয়েছিলাম, আর জিনকে একশো কার্ড দিয়ে, আর লিওকে

একশো কার্ড দিয়ে, আর রয় একশো নিয়ে, সব কার্ড বিতরণ করেন, প্রায় পাঁচশো। আর তারপর যখন তারা দেখেন বাক্যকে ধরে ফেলতে, এবং এটি কী করবে, তারপর এখন সেই বাক্যে স্থির থেকে, তাদের প্ল্যাটফর্মে নিয়ে আসুন। আর আমি পুরুষ এবং মহিলাকে তাদের ক্রাচ ফেলে দিতে দেখেছি, ইত্যাদি, আর তারা প্ল্যাটফর্মে যাওয়ার আগে সুস্থ হয়ে যান, শুধু দেখার জন্য। দেখুন? ঈশ্বরের বাক্য ছড়িয়ে পড়ে, সেখান থেকে ছড়িয়ে পড়ে, এবং নিজেকে সেই পাঁচটি বার্তার মধ্যে সন্নিবেশিত করে, অথবা চারটি বার্তা, তাদের হৃদয়ে, যতক্ষণ না তারা তাদের সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করে। তারপর, তাদের শুধু করতে হয়েছিল, তা হল এক ধরণের সামান্য যোগাযোগ, দেখুন, অন্য কিছু, এবং এটি একটি বাস্তবতা ছিল। আর ঠিক যখন তারা সেই প্ল্যাটফর্মে আসে, তারা ঠিক সেখানেই সুস্থ হয়ে যান প্ল্যাট-...তারা প্ল্যাটফর্মের অপর পার্শ্বে পৌছানোর পূর্বে।

7 আমি বিশ্বাস করি, এখানে ভাইয়েরা, আপনারা সবাই ভাই এড, ভাই এড হুপারকে চেনেন। আপনারা চেনেন কি? আপনি আরকানসাস থেকে, সেখানে? তিনি দেখা করেছিলেন...প্রাথমিক সেবাকার্যের প্রথম দিকে তিনি আমার সঙ্গে ছিলেন। তিনি বললেন, "এটা পুরানো সময়ের মতো মনে হচ্ছিল," তিনি বললেন, "যখন তারা এভাবে করত, অনেক বছর আগে।"

8 আর সেখানে এমন কিছু ব্যক্তি ছিল যাদের টিউমার ছিল—*এইরকম*, ফিরে আসেন, সুস্থ হয়ে। অন্ধ, বধির, মূক, সব ধরণের কার্য্য যা আমাদের প্রভু করেছেন। এমনকি মানুষকে স্পর্শ করতে হয় নি। বাক্য এটি করছেন।

9 তখন প্রভু আমাকে একটি বার্তা দেন যা আমি মণ্ডলীতে বলতে চাই, কখনও, যখন আমি ফিরে আসি, একটি সুযোগ পাই। আমি খুব ব্যস্ত। এখন আমাকে আবার যেতে হবে, আগামীকাল, এই মেয়েটির আসার অপেক্ষায় আছি। এমনকি আমি এমনকি আমার স্যুটকেস ঘরে নিয়ে আসার আগে, সেখানে কেউ ছিলেন। আর আমি তখন থেকে বসে থাকিনি, খুব কমই। দেখুন? আমি যখন থেকে এসেছি তখন থেকে আমি আমার পরিবারের সাথে কথাও বলিনি। দেখুন? আর এটা—এটা সত্যিই একটি চাপ। আর আমাকে আমার জন্য, আপনাদের সকলের প্রার্থনাও অনুরোধ করতে হবে, যাতে প্রভু আমাকে ধরে রাখতে সাহায্য করেন।

10 এখন...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।] আমাদের ভাইকে এখানে দেখুন, বাস্তবিক, সত্যিকারের অসুস্থ, এই খাটের উপর শুয়ে আছেন। আর আমরা...

11 কেউ আসছেন, কিছুক্ষণের মধ্যে, আমাদের জন্য, লুইসভিলে যাওয়ার জন্য। আমি চাই আপনারা প্রার্থনাটিও মনে রাখবেন, একজন তরুণী, যে, তার বয়স প্রায় আঠারো বছর নয়। সে যমজ, এবং স্কুলে একটি খ্রিস্টান মেয়ে। আর অন্য মেয়েরা তার সম্পর্কে কথা বলত, আপনারা জানেন, মেয়ে দুটি, এবং তাদের বলত তারা কেমন ছিল, তারা জীবনের কোন অংশ হারিয়েছিল, এবং তাদের বাকি মেয়েদের মতো কীভাবে জীবনযাপন করা উচিত। আর একটি মেয়ে এটিকে অতিক্রম করতে সক্ষম হয়েছিল। এই অন্য জনের একটি জটিলতা ছিল, আর সে এই বিষয়ে খুব খারাপ অনুভব করেছিল, আর শুধু দূরে চলে যেতে থাকে, আর পিছনে ফিরে যেতে থাকে, আর এই বিষয়ে চিন্তা করতে থাকে। আর অবশেষে সে একটি মানসিক ভাঙ্গন পেয়েছে। আর তারা...সে একটি উন্মাদ ওয়ার্ডে রয়েছে। তার মা এবং বাবা আসছেন, একটু পরে, ক্র্যান্ডাল, ইন্ডিয়ানা থেকে, এই প্রতিষ্ঠানে যাওয়ার জন্য যেখানে তারা তাকে আগামীকাল ম্যাডিসনে পাঠানোর চেষ্টা করবে।

12 এখন, সেই—সেই মেয়েটি, মেয়েটির মধ্যে কোন শারীরিক ভাঙ্গন নেই। সে...সেখানে কিছুই নেই, শারীরিকভাবে। সে পুরোপুরি সুস্থ। কিন্তু এটা ব্যাখ্যা করা খুব কঠিন। আর এটা সত্যিই ব্যাখ্যা করা যাবে না। এটা কি, তার আত্মা বিচরণ করেছে। দেখুন ? এখন, আপনাকে—আপনাকে তার আত্মাকে ধরতে হবে এবং তাকে সেই স্থানে ফিরিয়ে আনতে হবে। দেখুন ? সেখানে...

13 যেমন, আমরা এখানে কথা বলেছি, কয়েক সপ্তাহ আগে, কিভাবে মানব দেহ কাজ করে। কিভাবে পাঁচটি ইন্দ্রিয় যার দ্বারা আপনি শরীরে প্রবেশ করেন, এবং তারপর পাঁচটি পথসমূহ আমরা একে বলব। পাঁচটি পথ, যেমন—যেমন বিবেক, কল্পনা, এবং আরও অনেক কিছু, আমরা প্রাণে প্রবেশ করি। আর তারপর যখন আপনি আত্মায় প্রবেশ করেন, সেখানে একটি মাত্র পথ আছে, এবং এটি স্ব-ইচ্ছার মাধ্যমে, যা ভিত্তি করে যেমন মানুষকে সৃষ্টি করা হয়েছিল।

14 আপনি এটি গ্রহণ করতে পারেন, অথবা আপনি এটি ছেড়ে দিতে পারেন। আপনি খ্রীষ্টকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করতে পারেন, অথবা তাকে ছেড়ে দিতে পারেন। আর আপনি এখনও সেই বৃক্ষের কাছে আছেন, সেটি একটি জীবন এবং একটি মৃত্যু। প্রতিটি মানুষ সেই বৃক্ষের সামনে দাঁড়িয়ে আছে, অথবা ঈশ্বর অন্যায়ী হবেন একটিকে সেখানে রাখার জন্য, আর তারপর অন্যটিকে সমান সুযোগ না দেওয়া—সঠিক অথবা ভুল বেছে নেওয়ার জন্য। আর আমাদের প্রত্যেকের সেই সুযোগ আছে।

15 এছাড়াও, এতে, আত্মা, আমরা সুস্থ হতে পারি, অথবা আমরা সুস্থ হতে পারি না। এখন, এটা নয় যে সেখানে নেই... যে আমরা, ঈশ্বরের মতে, সুস্থ হইনি। আমরা হয়েছি। কারণ নিয়ম নিঃশর্ত। আর তিনি ইতিমধ্যেই আমাদের আরোগ্য ক্রয় করেছেন। অতএব, আমাদের আরোগ্য—আমাদের কাছে। এটা আমাদের। এখন, আমরা *এই* পথটি গ্রহণ করব কিনা, এটি বিশ্বাস করার জন্য; অথবা *এই* পথ, এটা বিশ্বাস না করার জন্য। এখন, সেখানে শুধুমাত্র একটি উপায় আছে, আমরা ঈশ্বরের উপস্থিতিতে যেতে পারি।

16 এখন, এই শিশুটি, সুন্দরী, তার মা একজন বান্ধবী। আমি, আমার...ওহ, আমার বান্ধবীদের মধ্যে একজন ছিলেন। তিনি একজন ভালো ভদ্রমহিলা ছিলেন, একটি প্রকৃত নাজারিন ঘর থেকে বেরিয়ে এসেছিলেন, মিষ্টি ছোট্ট মহিলা। আর তার একজন সুন্দর স্বামী আছে। আমি তাকেও চিনি, সত্যিই ভালো করে, যে ছেলে তাকে বিয়ে করেছে। আর সে...তারা সেই শিশুদেরকে প্রভুর সেবা করার জন্য বড় করে, এবং তাদের স্কুলে ভর্তি করে। আর তারা সত্যই খ্রীষ্টের উপর ভিত্তি করে ছিল, ভুল কাজগুলি করার জন্য নয়। কিন্তু সেখানে গিয়েছিল।

17 ঠিক বিরতিতে, ঠিক যেমন আমি...কিছু মুহূর্ত আগে দেখা হয়েছিল, আর একটি ছোট ছেলের দিকে ফিরে তাকালেন, তার ঠিক একই জিনিস ছিল। আর...আমরা এক রাতে সেখানে গিয়েছিলাম, ভাই রাইটের কাছে, আর অরভিল সবে—সবে একটি পূর্ণ বিরতিতে ছিলেন। আর সে, আপনারা জানেন, যখন সে আমাকে বাড়ি থেকে বের করে দেওয়ার চেষ্টা করেছিল; অরভিল আর আমি যতটা ভালো বন্ধু, ঠিক যেন আমি তার পিতা হতে পারি। আমি তার পিতা এবং মাতাকে বিয়ে করিয়েছি, একসাথে। আর সে লাফিয়ে উঠে চিৎকার করবে, "এখান থেকে চলে যান! এখান থেকে চলে যান! এখান থেকে চলে যান!" দেখুন?

18 এখন, আমাদের সেখানে যা করতে হয়েছিল তা হল আত্মার রেখায় গিয়ে সেই ছেলেটির আত্মাকে ধরা। দেখুন? তার ছোট্ট হৃদয়ে অনেক দুঃখ এসেছিল। সে তরুণ, এবং সে অনেক কিছু দেখেছে। আর তাকে ঠিক সেই স্থানে ফিরিয়ে নিয়ে আসে যেখানে তার থাকা উচিত। আপনারা দেখুন? কয়েক দিনের মধ্যে, সে—সে ঠিক হয়ে যায়।

19 এখন, এটি একই জিনিস যা আপনাকে এই বিষয়ে করতে হবে। আমি এটা দেখেছি, আর আমি জানি যে এটা সত্য। কিন্তু এখন, শুধু...আমি—আমি আপনাদের সকলকে এখন প্রার্থনা করার জন্য

অনুরোধ করছি, যেন ঈশ্বর আমাকে এই ছোট্ট মেয়েটিকে খুঁজে পেতে সাহায্য করেন। বাইরে এমন একটি স্থানে, যেখানে সে জানে না সে কোথায় আছে, তারপর তাকে তার স্থানে ফিরিয়ে আনুন। সেই পথটি বিশ্বাসের মাধ্যমে আসে। দেখুন, সে নিজের জন্য বিশ্বাস রাখতে পারে না। সে জানে না সে কোথায় আছে, অথবা কিছু। দেখুন ? এটা—এটা এখানে আমাদের বিশ্বাসের প্রয়োজন।

20 আর এখন, এর মধ্যে, খ্রীষ্টের পুনরুত্থানের সেই শক্তি, যা তিনি আমাদের সুযোগ দেন। সেখানেই, আপনি, একভাবে, ঈশ্বরের বাক্য পাপীকে বিদ্ধ করে। আর এটাকে বাক্য প্রচারের বাইরে যেতে হবে। এই কারণেই আমি অসুস্থদের জন্য প্রার্থনা করার আগে আজ সকালে একটু কথা বলতে চেয়েছিলাম। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

21 আপনাদের মনে আছে সেই দর্শনটি, খুব বেশি দিন হয়নি, প্রভু আমাকে দিয়েছিলেন, আপনারা জানেন, অন্য দিকটি দেখার বিষয়ে ? আপনাদের মনে আছে সেই সকালে যখন আমি অন্য দিক দেখার বিষয়ে সাক্ষ্য দিচ্ছিলাম ? ঠিক আছে, সেটা সত্য ছিল।

22 আর ফুল গসপেল বিজনেস মেনস *ভয়েস* সেই নিবন্ধটি প্রকাশ করেছে, এবং এখানে পৃষ্ঠার পিছনে ছবি দিয়েছে। আর এটি এখানে নীচে একটি ছোট মন্তব্য পেয়েছে, এখানে নীচের অংশে, সেবাকার্যের বিষয়ে বলা হয়েছে। যা, এটি একটি আন্তর্জাতিক কাগজ যা বিভিন্ন ভাষায় মুদ্রিত হয়। আর তারা সেই দর্শনের জন্য প্রথম পৃষ্ঠা, আর প্রথম পৃষ্ঠাটি উৎসর্গ করেছিল। দেখুন ?

23 আর আমি সেগুলি এখানে নিয়ে এসেছি, আর আমি আশা করি আপনি একটি নিতে পারেন, আর আপনি এটি পড়তে পারেন। আর উঠুন...ভাইয়েরা, আজ সকালে আমি জানতাম না কতজন থাকবেন। আর আপনি, তারপর, আপনি যদি একটিতে ব্যর্থ হন, ঠিক আছে, শুধু অফিসে যান। তারা তাদের সেখানে অফিসে রেখেছে। আর তারা আমাদের তাদের একগুচ্ছ আনতে দেয়, বিষয়: "এগিয়ে যেতে থাকুন।" দেখুন ? আর এটাই আমার হৃদয়ে রয়েছে। আমি যা শুনতে পাচ্ছি, তা হল, "এগিয়ে যেতে থাকুন।" নদীর ওপারে—একটি—একটি উত্তম ভূমি আছে। আর আসুন আমরা এগিয়ে যেতে থাকি যতক্ষণ না আমরা সেই দেশে দেখা করি।

24 এখন, আমি মনে করি তারা এখানে ভাই স্ট্রিকার এবং বোন স্ট্রিকারের ছোট্ট জনের একটি উৎসর্গ রেখেছে। যাতে...

25 এটা এখন কত, বোন স্ট্রিকার ? [বোন স্ট্রিকার বলেন,

“ছয়।”—সম্পাদকীয়।] ছয়জন ছোট ব্যক্তি। এটা একটি সুন্দর ছোট্ট পরিবার।

26 আর তাই তারা...আমাদের মিশনারিরা আফ্রিকা—আফ্রিকাতে, সম্প্রতি, ফিরে আসার জন্য। আর তাদের সকল সন্তানরা খুব ছোট। আর আমি দেখতে পাচ্ছি ইনিও, কারণ তারা আজ সকালে তাকে একটি উৎসর্গ সভার জন্য নিয়ে এসেছে।

27 টেডি কোথায় আছে? টেডি, আপনি কি এখানে পিয়ানো বাজাতে আসবেন, এক মিনিটের জন্য, পুত্র? আর—আর আসুন আমারা গান করি, একটি ছোট গান, আপনারা জানেন, সেই ছোট্ট গানটি, আমি বিশ্বাস করি, আমরা গেয়ে থাকি, *তাদের ভিতরে নিয়ে আসুন*। এটা কি ঠিক? “তাহাদিগকে পাপের ক্ষেত্র থেকে নিয়ে আসো।”

28 আর এটাই, যে কারণে আমরা এটি বাজিয়ে থাকি, কারণ আমরা, আমরা যা করতে পারি, পিতামাতারা, তাদের উৎসর্গের জন্য নিয়ে আসি। আমরা তাদের প্রভুকে উৎসর্গ করছি এবং তাদের ভিতরে নিয়ে আসছি যখন তারা এখনও শিশু, যেন তারা পাপের সেই ক্ষেত্রে বিচরণ না করে। *তাদের ভিতরে নিয়ে আসুন*। আসুন... আপনি কি এটা জানেন, টেডি? আসুন এখন এর একটি পদ গাই।

> তাদের ভিতরে নিয়ে আসুন, তাদের ভিতরে নিয়ে
>   আসুন,
> তাদের পাপের ক্ষেত্র থেকে ভিতরে নিয়ে আসুন;
> তাদের নিয়ে আসুন...

যদি সেখানে আরেকজন থাকে, কেন, তাকে নিয়ে আসুন।

> ছোটদের যীশুর কাছে নিয়ে আসুন।

> তাদের ভিতরে নিয়ে আসুন, তাদের ভিতরে নিয়ে
>   আসুন,
> তাদের পাপের ক্ষেত্র থেকে ভিতরে নিয়ে আসুন;
> তাদের ভিতরে নিয়ে আসুন, তাদের ভিতরে নিয়ে
>   আসুন,
> বিচরণকারীদের যীশুর কাছে নিয়ে আসুন।

29 ভাই স্ট্রিকার এবং বোন স্ট্রিকার, আমি বুঝতে পারি যে আপনারা জানেন সেই গানটির অর্থ কী, “তাদের ভিতরে নিয়ে আসুন,” আপনার হৃদয়ে জ্বলন্ত আকাঙ্ক্ষা রয়েছে, হারিয়ে যাওয়াদের যীশুর কাছে আনার চেষ্টা করার জন্য। আপনার ছোট্ট শিশুটি, যদি তাকে উৎসর্গ করার আগে মারা যায়, অথবা আরও কিছু, তাকে রক্ষা

করা হয়েছে, যেভাবেই হোক, কারণ যীশু খ্রীষ্টের রক্ত কালভেরীতে তা করেছিল। কিন্তু তাঁর মহান পার্থিব যাত্রার স্মরণে, যখন তিনি ছোটদের উপর হাত রেখেছিলেন আর বলেছিলেন, "তাদের আমার কাছে আসতে দাও," এই কারণেই আজ সকালে আপনি শিশুটিকে নিয়ে এসেছেন। এবং আমাদের উপর ভরসা করে, যে আমরা বিশ্বাসের প্রার্থনা করতে সক্ষম হব, ছোটটির জন্য, ঈশ্বরের কাছে তার জীবন উৎসর্গ করে।

30 তার নাম কি? [পিতা বলেন, "মেরলিন ম্যাজ স্ট্রিকার।"—সম্পাদকীয়।] মেরিলিন ম্যাজ, মেরিলিন ম্যাজ স্ট্রিকার। তার বয়স কত? [মা বলেন, "তেরো মাস।"] তেরো মাস। আফ্রিকায় জন্মগ্রহণ করেছে, এটা কি ঠিক? ["হ্যাঁ।"] ঠিক আছে, যদি আগামীকাল থাকে, এই ছোট্ট ব্যক্তিটি সেখানে একজন ধর্মপ্রচারক হতে পারে, যে ক্ষেত্রগুলিতে সে জন্মগ্রহণ করেছিল। আর একটি—একটি সুন্দর ছোট শিশু। আপনি কি আসবেন, ভাই নেভিল?

31 আর, মেরিলিন। ওহ, আমার! আমি সবসময় এই ছোট ব্যক্তিদের পছন্দ করি। সে সুন্দর ছোট ব্যক্তি কি নয়? আপনি কেমন আছেন? আপনি কেমন আছেন? আসুন আমরা মাথা নত করি। আমি চাই আপনি, তার উপর আপনার হাত রাখুন।

32 আমাদের স্বর্গীয় পিতা, আমরা আপনার কাছে ছোট্ট মেরিলিন ম্যাজ স্ট্রিকারকে নিয়ে এসেছি, এই সুন্দর ছোট্ট শিশুটি মিশনের ক্ষেত্রগুলিতে জন্মগ্রহণ করেছিল, যখন যুদ্ধ কঠিন হচ্ছিল। আমি প্রার্থনা করি যে আপনি এই শিশুটিকে আশীর্বাদ করবেন। বাইবেলে, তারা আপনার কাছে এইরকম ছোটদের নিয়ে এসেছিল। আপনি আপনার হাত রেখে তাদের আশীর্বাদ করেছিলেন, বলেছিলেন, "ছোট বাচ্চাদের আমার কাছে আসতে দাও, আর তাদের বারণ করিও না; কেননা স্বর্গরাজ্য এই মত লোকদেরই।"

33 মা এবং বাবা আজ তাকে আমাদের বাহুতে দিয়েছেন। আমরা, বিশ্বাসের দ্বারা, সিঁড়ি বেয়ে উঠি, ওপারে, তাকে আপনার বাহুতে রাখি, বিশ্বাসের দ্বারা। তার জীবনকে আশীর্বাদ করুন। তাকে দীর্ঘ জীবন দিন, প্রভু। সে যেন ঈশ্বরের সন্তান হয়। সে যেন তার সমস্ত জীবন দিয়ে আপনার সেবা করে, তার সত্তার প্রতিটি তন্তু, খ্রীষ্টের সেবক হয়। এটা প্রদান করুন, পিতা। তার বাবা এবং মা, তার ছোট ভাই এবং বোনদের আশীর্বাদ করুন। তারা উত্থাপিত হোক, এছাড়াও, এবং ঈশ্বরের সেবার জন্য একটি গৌরবময় পরিবার হয়ে উঠুক।

34 পিতা, আমরা আপনাকে ছোট্ট মেরিলিন ম্যাজকে প্রদান করি, যীশু খ্রীষ্টের নামে, সেবার জীবনের জন্য। তাকে, এবং তার পিতাকে, এবং তার মাকে এবং তার প্রিয়জনদের আশীর্বাদ করুন। এবং তারা আপনার সেবায় দীর্ঘ, সুখী জীবনযাপন করুন। যীশুর নামে। আমেন।

35 ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই স্ট্রিকার। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আশীর্বাদ ভদ্রমহিলার জন্য।

ধন্যবাদ, টেডি, বালক।

36 আমি ছোট বাচ্চাদের ভালোবাসি। আপনারা কি করেন না?

37 কতজন প্রভু আমাকে যে দর্শন দিয়েছেন তা শোনেনি? আসুন আপনাদের হাত উপরে দেখি, যারা কখনই শোনেন নি। ভাই নেভিল, আপনার ছোট্ট বইটি সেখানে আছে, সম্ভবত, হয়তো আপনি এটি তাদের জন্য ঠিক এখানেই পাঠ করবেন, ঠিক পরের মুহূর্তে অথবা দুই। আমি এটা বিশ্বাস করি...ঠিক এখানে, যদি আপনি চান।

38 [ভাই নেভিল ফেব্রুয়ারি থেকে পাঠ করছেন, ১৯৬১ *ফুল গসপেল মেনস ভয়েস*—সম্পাদকীয়।]

> [অন্য সকালে আমি আমার বিছানায় শুয়ে ছিলাম। আমি সবেমাত্র ঘুম থেকে জেগে উঠেছিলাম, আর আমি আমার মাথার পিছনে হাত রেখে বালিশে মাথা রেখে আরাম করেছিলাম। তারপর আমি ভাবতে শুরু করলাম এটা অন্য দিকে কেমন হবে। আমি বুঝতে পেরেছি যে আমি আমার অর্ধেকেরও বেশি জীবন কাটিয়েছি যদি আমি আমার লোকদের মতো বৃদ্ধ হওয়ার জন্য বেঁচে থাকি, আর আমি এই জীবন ছেড়ে যাওয়ার আগে প্রভুর জন্য আরও কিছু করতে চেয়েছিলাম।]
>
> [আমি একটি রব শুনেছি: "তুমি সবে শুরু করছো! যুদ্ধে এগিয়ে যাও! এগিয়ে যেতে থাকো!" যখন আমি সেখানে শুয়ে কথাগুলি নিয়ে চিন্তা করছিলাম, আমি ভাবলাম যে আমি কল্পনা করেছি যে আমি একটি রব শুনেছি। আবার রবটি বলল: "যুদ্ধে এগিয়ে যাও! এগিয়ে যেতে থাকো! এগিয়ে যেতে থাকো!" এখনও অবিশ্বাসী হয়ে, আমি ভেবেছিলাম যে সম্ভবত আমি নিজেই কথাগুলি বলেছি। আমি আমার ঠোঁট আমার দাঁতের মাঝে রেখে আমার মুখের উপর হাত রেখে শুনলাম। সেই রব আবার কথা বলল: "শুধু এগিয়ে

যেতে থাকো! যদি তুমি জানতে রাস্তার শেষে কি রয়েছে!” আমি একটি পুরানো, পরিচিত গানের সঙ্গীত এবং শব্দ শুনতে পেলাম মনে হলো:]

[আমি অসুস্থ এবং নীল, আর আমি যীশুকে দেখতে চাই,]
[আমি সেই পোতাশ্রয়ের ঘণ্টার আওয়াজ শুনতে চাই,]
[এটা আমার পথকে উজ্জ্বল করবে এবং সমস্ত ভয় দূর করবে;]
[প্রভু, আমাকে সময়ের পর্দার অতীত দেখতে দিন।]

[তারপর সেই রব জিজ্ঞাসা করল: “তুমি কি পর্দার ওপারে দেখতে চাও?” আমি উত্তর দিলাম: “এটা আমাকে অনেক সাহায্য করবে!”]

[কি হয়েছিল আমি বলতে পারব না। আমি দেহে ছিলাম না বাইরে ছিলাম, অথবা এটি একটি স্থানান্তরণ ছিল কি না, আমি জানি না, কিন্তু এটা আমার দেখা কোন দর্শনের বিপরীত ছিল। আমি সেই স্থানটি দেখতে পাচ্ছিলাম যেখানে আমাকে নিয়ে যাওয়া হয়েছিল এবং আমি নিজেকে সেখানে আমার বিছানায় শুয়ে থাকতে দেখতে পাচ্ছিলাম। আমি বললাম: “এটা একটা অদ্ভুত ব্যাপার!”]

[সেখানে প্রচুর সংখ্যক লোক ছিল এবং তারা আমাকে অভ্যর্থনা জানাতে ছুটে এসে চিৎকার করে: “ওহ, আমাদের মূল্যবান ভাই!” প্রথমে যুবতী মহিলারা আসেন, দৃশ্যত তাদের কুড়ি বয়সের শুরুতে, আর যখন তারা আমাকে জড়িয়ে ধরে বলেছিল: “আমাদের মূল্যবান ভাই!” যুবকরা, যৌবনের তেজে, অন্ধকার রাতে তারার মতো জ্বলজ্বল করছে, মুক্তার মতো সাদা দাঁত সহ, আমাকে জড়িয়ে ধরে বললেন, “আমাদের মূল্যবান ভাই।”]

[তারপর আমি লক্ষ্য করলাম যে আমিও আবার তরুণ হয়ে উঠেছি। আমি সেখানে নিজের দিকে তাকালাম আর ঘুরে ফিরে তাকালাম বিছানায় মাথার পিছনে হাত দিয়ে শুয়ে থাকা আমার বৃদ্ধ দেহের দিকে। আমি বললাম: “আমি এটা বুঝতে পারছি না!”]

[আমি যেখানে ছিলাম সেই স্থানটি বোঝার চেষ্টা করতে

থাকলাম, আমি বুঝতে শুরু করলাম যে সেখানে গতকাল নেই এবং আগামীকাল নেই। কেউ ক্লান্ত হয়ে গেছে বলে মনে হয়নি। আমি কখনও দেখেছি এমন সবচেয়ে সুন্দরী তরুণীদের একটি দল আমার চারপাশে তাদের বাহু দিয়ে জড়িয়ে ধরে, আমি উদ্ঘাটিত করেছি শুধুমাত্র একটি মহান প্রেম ছিল যা আমাকে অভিভূত করে এবং মানুষের আচরণের মতো কোন শারীরিক আকর্ষণ ছিল না। আমি লক্ষ্য করেছি এই যুবতী মহিলারা তাদের চুল কোমর পর্যন্ত এবং তাদের স্কার্ট তাদের পায়ের কাছে চলে গিয়েছিল।]

[এর পরে, হোপ, আমার প্রথম স্ত্রী, আমাকে জড়িয়ে ধরে বললেন: "আমার মূল্যবান ভাই!" তারপর আরেকজন যুবতী আমাকে জড়িয়ে ধরল আর হোপ ঘুরে সেই যুবতীকে জড়িয়ে ধরল। আমি বললাম: "আমি এটা বুঝতে পারছি না। এটি আমাদের মানব প্রেম থেকে সম্পূর্ণ ভিন্ন কিছু। আমি বিছানায় সেই পুরানো দেহে ফিরে যেতে চাই না।"]

[তারপর একটি রব আমার সাথে কথা বলল: "এটাই আপনি প্রচার করেছেন পবিত্র আত্মার বিষয়ে! এটা সিদ্ধ প্রেম। এটি ছাড়া এখানে কিছুই প্রবেশ করতে পারে না!"]

[পরে আমাকে তুলে নিয়ে একটি উঁচু স্থানে বসানো হয়েছিল। আমার চারপাশে যৌবনের প্রস্ফুটনে প্রচুর সংখ্যক পুরুষ এবং মহিলা ছিল। তারা আনন্দে ক্রন্দন করছিল: "ওহ, আমাদের মূল্যবান ভাই, আপনাকে এখানে দেখে আমরা খুব খুশি!" আমি ভাবলাম: "আমি স্বপ্ন দেখছি না, কারণ আমি এই লোকদের দেখতে পাচ্ছি এবং আমি আমার দেহ বিছানায় শুয়ে থাকতে দেখতে পাচ্ছি।"]

[সেই রব আমার সাথে কথা বলেছিল: "আপনি জানেন এটা বাইবেলে লেখা আছে যে ভাববাদীরা তাদের লোকদের সঙ্গে একত্রিত হয়েছিল।" আমি বললাম: "হ্যাঁ আমার মনে আছে সেটি যে শাস্ত্রে আছে, কিন্তু এত বেশি ব্রানহাম নেই।" সেই রব উত্তর দিয়েছিল: "এরা ব্রানহাম নয়। এরাই আপনার ধর্মান্তরিত, যাদের আপনি প্রভুর কাছে নিয়ে এসেছেন। এই মহিলাদের মধ্যে কিছু যাদের খুব অল্পবয়সী এবং সুন্দরী বলে আপনি মনে করেন তাদের বয়স নব্বই বছরেরও বেশি ছিল যখন আপনি তাদের প্রভুর কাছে নিয়ে এসেছিলেন। আশ্চর্যের কিছু নেই যে তারা চিৎকার করছে, 'আমার মূল্যবান ভাই!'" তখন লোকেরা একসাথে চিৎকার করে বলেছিল: "আপনি

যদি সুসমাচার নিয়ে না যেতেন, তবে আমরা এখানে থাকতাম না!"]

[আমি জিজ্ঞাসা করলাম: "ওহ, যীশু কোথায়? আমি তাকে দেখতে চাই!" লোকেরা উত্তর দিল: "তিনি একটু উঁচুতে আছেন। একদিন তিনি আপনার কাছে আসবেন। আপনাকে অগ্রণী হিসাবে প্রেরণ করা হয়েছে, এবং যখন ঈশ্বর আসবেন, তিনি আপনার শিক্ষা অনুসারে আপনার বিচার করবেন।" আমি জিজ্ঞাসা করলাম: "পৌল এবং পিতরকেও কি এই বিচারের মুখোমুখি হতে হবে?" উত্তর ছিল: "হ্যাঁ!" আমি বললাম, "তারা যা প্রচার করেছে আমি তা প্রচার করেছি। আমি এটা থেকে এক দিকে বা অন্য দিকে সরে যাইনি। যেখানে তারা যীশুর নামে বাপ্তিস্ম নিয়েছিল, আমিও করেছি; যেখানে তারা পবিত্র আত্মায় বাপ্তিস্ম শিখিয়েছিল, আমিও করেছি। তারা যা কিছু শিখিয়েছিল, আমিও শিখিয়েছি।"]

["আমরা সেটা জানি," লোকেরা চিৎকার করে, "আর আমরা জানি যে আমরা কখনও আপনাদের সঙ্গে পৃথিবীতে ফিরে যাব। আপনি আমাদের যে বাক্য প্রচার করেছেন সেই বাক্য অনুসারে যীশু এসে আপনার বিচার করবেন। তারপর আপনি আমাদেরকে তাঁর কাছে উপস্থাপন করবেন, এবং আমরা সবাই একসাথে অনন্তকাল জীবিত থাকার জন্য পৃথিবীতে ফিরে যাব।" আমি জিজ্ঞাসা করলাম: "আমাকে কি এখন পৃথিবীতে ফিরে যেতে হবে?" তারা উত্তর দিয়েছিল: "হ্যাঁ, কিন্তু এগিয়ে যান!"]

[যখন আমি সেই সুন্দর, আনন্দময় স্থান থেকে সরে আসতে শুরু করলাম, আমার চোখ যতদূর দেখতে পাচ্ছিল, লোকেরা আমাকে জড়িয়ে ধরতে আমার দিকে আসছিল, ক্রন্দন করছিল: "আমার মূল্যবান ভাই!"]

[হঠাৎ আমি আবার বিছানায় ফিরে আসি। আমি বললাম: "হে ঈশ্বর, আমাকে সাহায্য করুন! আমাকে কখনই বাক্যের সঙ্গে আপস করতে দেবেন না। আমাকে সরাসরি বাক্যে থাকতে দিন। অন্য কেউ কি করে তাতে আমার কিছু যায় আসে না, প্রভু, আমাকে সেই সুন্দর, আনন্দময় স্থানে যেতে দিন!"]

[আমি আমার জীবনের আগের চেয়ে বেশি নিশ্চিত যে সেই জায়গায় প্রবেশ করতে সিদ্ধ প্রেম লাগবে। সেখানে কোন হিংসা ছিল না, কোন ক্লান্তি ছিল না, কোন অসুস্থতা ছিল না,

কোন বার্ধক্য ছিল না, কোন মৃত্যু ছিল না। শুধুমাত্র সর্বোচ্চ সৌন্দর্য এবং আনন্দ!]

[আপনি যাই করুন না কেন, যতক্ষণ না আপনি সিদ্ধ প্রেম পান ততক্ষণ অন্য সবকিছু একপাশে রাখুন! সেখানে যান যেখানে আপনি সবাইকে, এমনকি প্রতিটি শত্রুকে ভালোবাসতে পারেন। বিমানটি দুলছে, বিদ্যুৎ চমকাচ্ছে, অথবা শত্রুর বন্দুক আপনার দিকে আছে সেটি কোন ব্যাপার না, এই বিষয়গুলি কোন ব্যাপার না: সিদ্ধ প্রেম প্রাপ্ত করুন!]

[আপনি যদি পরিত্রাণ না পান, এখনই যীশু খ্রীষ্টকে আপনার ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করুন! আপনি যদি জলে বাপ্তিস্ম না নিয়ে থাকেন, এখনই বাপ্তিস্ম নিন! আপনি যদি পবিত্র আত্মায় বাপ্তিস্ম না পেয়ে থাকেন, তাহলে এখনই গ্রহণ করুন! সেই সিদ্ধ প্রেমের দিকে এগিয়ে যান যা আপনাকে সময়ের পর্দার ওপারে সেই সুন্দর এবং আনন্দময় স্থানে নিয়ে যাবে!]

39 ধন্যবাদ ভাই, এর জন্য। সেটা...আমি ভেবেছিলাম, হয়তো, আপনাদের মধ্যে কেউ কেউ এটি পড়তে পারবেন। আর যদি আপনার কাছে ছোট্ট বইটি না থাকে, কেন, আপনি এটি পেতে পারেন।

40 তারপর, পৃষ্ঠার ঠিক নীচে, তিনি সেখানে সেবাকার্য সম্পর্কে একটি ছোট মন্তব্য করেছিলেন। জানি না আপনি এটি লক্ষ্য করেছেন কি না, ঠিক নীচে, আপনি এটি পাঠ করার পরে। ঠিক এর নীচে, নীচে একটু মন্তব্য। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

41 এখন, এটি আকাশের নীচে প্রতিটি ভাষায় প্রায় চলে যায়, আপনারা দেখুন, বিশ্বজুড়ে—পড়ার জন্য।

42 এখন, "কি—কি..." ঠিক আছে, আপনারা বলেন, "আপনি সেটি কি বলবেন, ভাই ব্রানহাম, আপনি অসুস্থদের জন্য প্রার্থনা করার আগে?"

43 এটা এই জন্য: যাতে আমরা জানতে পারি যে আমাদের প্রচেষ্টা বৃথা যায়নি। দেখুন? আমাদের অবশ্যই সেই প্রেম এবং বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের কাছে যেতে হবে। বিশ্বাস আমাদের সেই প্রণালীতে নিয়ে যায়। প্রেম আমাদের ভিতরে নিয়ে যায়। (ক্ষমা করবেন।) [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

44 এখন, আপনি কি মনে করেন যে ঈশ্বর করবেন...এখন আসুন... এখন, আপনার বিশ্বাস এখন একটি স্থানে পৌঁছে যায়, আপনি

কি এটা মনে করেন...? এখন আপনি কি মনে করবেন যদি সমস্ত প্রচেষ্টা যে...এই ট্যাবারনাকেল এবং এই লোকদের দল এখানে ঈশ্বরের রাজ্যের জন্য করেছেন? এখানে অনেকেই আছেন যারা আপনার সন্তানদের ঈশ্বরের রাজ্যের জন্য দিয়েছেন। এখানে অনেকেই আছেন যারা বস্ত্র ছাড়া গেছেন, ঈশ্বরের রাজ্যের জন্য। এখানে অনেকেই আছেন যারা ঝড়ের মধ্যে দিয়ে গিয়েছেন, আর পায়ে জুতা ছাড়া হেঁটেছেন, এখানে ট্যাবারনাকেলে আসার জন্য, এটা ঠিক, ঈশ্বরের রাজ্যের জন্য।

45 আপনি কি কল্পনা করতে পারেন একজন শিল্পী একটি দুর্দান্ত ছবি আঁকছেন, সুন্দর, যতক্ষণ না এটি মহৎ হয়, আর তারপরে এটি ছিঁড়ে ফেলেন? সেখানে শিল্পীর সাথে কিছু সমস্যা হয়ে থাকবে। আপনি কি কল্পনা করতে পারেন যে একজন সুরকার একটি গান লিখেন যতক্ষণ না এটি মহৎ হয়, আর তারপর তার—তার সঙ্গীত ছিঁড়ে ফেলেন? সেখানে সুরকারের সাথে কিছু সমস্যা হয়ে থাকবে। দেখুন? ঈশ্বরের সঙ্গে কোন সমস্যা নেই। ঈশ্বর এমন কিছু করবেন না, শুধু এটিকে ছিঁড়ে ফেলে দেওয়ার জন্য। এটা তাঁর রাজ্যের জন্য। এটা তাঁর মহিমার জন্য।

46 আমরা প্রত্যেকে এই ছবিতে এবং এই গানে একটি ভূমিকা পালন করি। আমরা ঈশ্বরের রাজ্যের অংশ। আর সেটা হল, আমরা আমাদের ভূমিকা পালন করতে পারি, যতক্ষণ না আমরা বুঝতে পারি যে আমরা অবস্থানগতভাবে কোথায় আছি, এই স্থানের অন্তর্গত, আর তারপর ঠিক সেই স্থানেই থাকুন। আর একটি স্থান আমরা জানি, সেটি প্রেমে আছে, কারণ সেটিই ছবিটি তৈরি করে।

47 এখন, এটা কঠিন যখন আপনি এই দর্শনগুলি এইভাবে দেখেন, এবং বিষয়গুলি, অন্য দিকে কি—কী আছে তা বোঝার জন্য। আমি যদি জানতাম। লোকটি সেখানে এই ছোট্ট মন্তব্যটি করেছিল, এটি বলার জন্য যে প্রাচীনকালের ভাববাদীরা, তারা এই দর্শনগুলি কীভাবে দেখেছিলেন, ইত্যাদি, এবং কিভাবে, আজ, এমনকি এর বাইরেও...আমরা এটি বুঝতে পারি না, কিন্তু প্রভু আমাদের এটিতে এগিয়ে যেতে দিয়েছেন এবং এটি কী তা দেখতে দিয়েছেন।

48 এখন, বন্ধুরা, আমি ঘুমাচ্ছিলাম না। আর আমি, শুধু আপনি এবং আমি, এবং এখানে এই মণ্ডলীর মধ্যে, আমি একটি দর্শনে ছিলাম না। আমি জানি দর্শন কি। কিছু এখানে, গত সপ্তাহে, কিছু, এক রাতে ত্রিশ বার, এটা ঘটবে। আপনি আপনার উপর যে ওজন আছে তা কল্পনা করতে পারেন। আপনাকে অবশ্যই নার্ভাস করে তোলে।

49 যদি আপনি এমন একটি সভায় যান, আর দায়িত্ব, যদি সভা ঠিক হয় বা না হয়, আপনার উপর, শুধু—শুধু দায়িত্ব ? আপনাকে প্রতিটি সেবককে, প্রতিটি প্রশ্নের, প্রতিটি সবকিছুর উত্তর দিতে হবে। সভা ঠিক হয় বা না হয়, এটি কেবল আপনার উপর দায়িত্ব রাখে, একা। দেখুন এটা আপনার জন্য কি করবে।

50 আর সেখানে আমার কিছু সহযোগী আছেন, শুধু বই বিক্রি করছেন, ইত্যাদি, খুব নার্ভাস হয়ে যান, তাদের বাড়িতে যেতে হবে, দেখুন, বিশ্রাম নিতে হবে, সেই রাতে গির্জায় আসবেন না। আমার ! ওহ, এটা ভয়ঙ্কর। আমার পুত্রবধূর মতো, সুন্দর খ্রিস্টান মেয়ে, লয়েস। শুধু—শুধু সভায় গিয়ে, ঠিক এভাবে...আট সপ্তাহ, অথবা সাত সপ্তাহ, ক্রমাগত এইভাবে, এক বা দুই দিনের জন্য বিছানায় শুয়ে থাকতে হয়েছিল, দেখুন, কোন দায়িত্ব ছাড়াই। দেখুন ? বিলি, শুধু কিছু প্রার্থনার কার্ড দেওয়ার জন্য, আর টুকরো টুকরো হয়ে যায়।

51 কিন্তু, দেখুন, পুরো ভার আমার উপর বর্তায়। আমার জন্য প্রার্থনা করার জন্য আমাকে আপনাদের উপর নির্ভর হতে হয়। দেখুন ? তা ছাড়া, তারা দাবি করে যে—সেই কুড়ি মিনিটের—প্রচারণা, অনুপ্রেরণার অধীনে, আট ঘন্টা কঠোর পরিশ্রমের সাথে তুলনা করা হয়, আপনার শরীরের সাথে। আমি রাতে দুই থেকে তিন ঘণ্টা প্রচার করি; কখনও কখনও দিনে তিনবার। দেখুন ?

52 আর তারপর একটি দর্শন সম্পর্কে কি ? একটি দর্শন আমাদের প্রভু যীশুকে দুর্বল করে তুলেছিল। সেটা ঠিক। বাইবেল বলে যে একজন মহিলা তাঁর পোশাক স্পর্শ করেছিলেন, তাকে দুর্বল করে দিয়েছিলেন। ঠিক আছে, যদি একটি দর্শন তাঁকে দুর্বল করে দেয়, তিনি, ঈশ্বরের পুত্র; আমার বিষয়ে কি, একজন পাপী অনুগ্রহ দ্বারা রক্ষা পেয়েছেন, এক রাতে তাদের মধ্যে ত্রিশজন কি করবেন ? দেখুন ? এটি...যদি আমরা থামি আর ভাবি, এটা যে কোন মানুষের সীমা অতিক্রম করে। একটি মানুষের শরীর এটা সহ্য করতে পারে না। আমি কোথাও পাগলাগারদে থাকব, দেয়ালের সাথে আমার মাথা ঠেকিয়ে। দেখুন ? এটা—এটা এমন একটি দুর্বলতা যা আপনি করতে পারেন না...এটা অভ্যন্তরীণ দুর্বলতা, দেখুন, এটি আপনাকে মেরে ফেলে।

53 এখন, কিন্তু তখন আপনি কিসে এগিয়ে যাবেন ? আমি এটা বলতে পারি। আমি ভাই এবং বোন কক্সকে দেখি, সেখানে, রডনি এবং তার স্ত্রী, এবং বোন, এখানে, সেখান থেকে, নতুন ধর্মান্তরিত। সেখানে একটি দেশ আছে, এর ঠিক বাইরে কোথাও, যদি আপনি কখনও আপনার মনে ভাবতে পারেন এবং এটির একটি দর্শন

পেতে পারেন, এটা সবচেয়ে মহিমান্বিত বিষয়। আমরা যেটুকু প্রচেষ্টা চালিয়েছি, তার প্রতিটি বিন্দুই সার্থক। দেখুন ?

54 এখন, অসুস্থদের জন্য প্রার্থনা করার আগে, আমি এটা বলতে পারি:

55 কি হবে যদি একটি ছোট্ট শিশু, জন্মের আগে, আসুন এটি গ্রহণ করি, একটি ছোট্ট শিশু যে মায়ের গর্ভে এই নয় মাস ধরে জীবিত থাকে, আর সেই ছোট্ট শিশুটি ভাবতে পারে ? এটা বলবে, "আপনি কি জানেন ? তারা আমাকে বলে যে আমি জন্মগ্রহণ করতে যাচ্ছি। ঠিক আছে, আমি সেখানে বাইরে কি করব ? আমি এখানে থাকি এই স্থানটি ছাড়া আমি কিছুই জানি না। আমি আমার শক্তি ভিতর থেকে আহরণ করি। আর আমি কিভাবে সেখানে জীবিকা নির্বাহ করব ? তারা আমাকে বলে যে সেখানে একটি সূর্য আছে যা আলো প্রদান করে। তারা আমাকে বলে যে সেখানে লোকেরা ঘুরে বেড়ায়। আর আমি এখানে এই স্থানটি ছাড়া কিছুই জানি না। এটাই সব আমি জানি, ঠিক এখানে—এখানে আমার মায়ের গর্ভে। এখানে যেখানে আমাকে আনা হয়েছিল। এখানে আমি যা জানি, ঠিক এই গর্ভে রয়েছে। আর তারা আমাকে বলে যে সেখানে শুধু সময় আছে !"

56 ঠিক আছে, সেই ছোট্ট শিশুটি মৃত্যুর মতো ভয় পাবে, জন্মগ্রহণ করতে। এটা কি ঠিক ? সে মৃত্যুর মতো ভয় পাবে, কারণ সে এমন একটি স্থানে আসছে যার সম্পর্কে সে কিছুই জানে না, যা মহত্তম, লক্ষ লক্ষ গুণ মহত্তম, যেখানে সে বসবাস করছে। সে এটা কি তা জানত না, সে বলবে, "কিভাবে, আমি কি করবো ?" সে মৃত্যুর মতো ভয় পাবে, জন্মগ্রহণ করার জন্য, কিন্তু আমরা যারা এখানে থাকি, ঠিক আছে, আমরা যারা এক সময় সেখানে ছিলাম, আমরা কোনভাবেই সেখানে ফিরে যাব না, আমরা আর মাতৃগর্ভে ফিরে যেতে চাই না। দেখুন ? না, আমরা এটা করতে চাই না।

57 আর ঠিক এমনই হয় যখন আমরা মারা যাই, বন্ধু। হে ঈশ্বর ! দেখুন ? আপনি একটি স্থানে জন্মগ্রহণ করছেন। আপনি সেখানে কখনও ছিলেন না। আপনি এটা বুঝতে পারবেন না, এটা কত বিশাল। "কিভাবে—এটা সেখানে কিভাবে হবে ? আমি..." আর একমাত্র জিনিস যা আমাকে উপলব্ধি করায়, অথবা আপনি উপলব্ধি করেন, জীবনের সেই ছোট্ট স্পর্শ, যেমন আত্মা মায়ের গর্ভে শিশুর মধ্যে আসে। দেখুন ? এটি একমাত্র উপায় যা আমরা বুঝতে পারি যে বাইরে অদূরে সেই মহান ভূমিটি কী, যখন সেখানে কোন অসুস্থতা নেই, কোন দুঃখ নেই, কোন মৃত্যু নেই, বার্ধক্য নেই, কিছুই নেই। ওহ, আমার !

58 কেন, যখন আপনি একবার সেখানে পৌঁছাবেন, আপনি কখনই এইরকম জায়গায় ফিরে আসতে চাইবেন না, একটি শিশু তার মায়ের গর্ভে ফিরে যেতে চায় না। দেখুন? এটা অন্য দিকে অনেক বড়, দেখুন, সেখানে বাইরে। আমরা এটা বুঝতে পারি না, অবশ্যই না, আমরা পারি না। কেন, কিভাবে সেই ছোট্ট শিশুটি যে কোনো চিন্তার বাইরে, তাই আমরা যে কোনো বোধগম্যতার বাইরে যে সেখানে কি হবে, দেখুন, কারণ আমরা পৃথিবীর গর্ভে আছি, কিছু সময়ের জন্য, একটি নতুন রাজ্যে, একটি নতুন পৃথিবীতে জন্ম নেওয়ার জন্য প্রস্তুত।

59 আর সেই দর্শন এবং এই জাতীয় বিষয়গুলি সম্পর্কে আমি এমনই অনুভব করি, অথবা সেদিন আমার সাথে যা ঘটেছিল যখন আমি পার হয়েছিলাম, ঠিক বাইরে, এবং এটা কি ছিল তা দেখে, তারপর এখানে ফিরে আসি।

60 আপনি কি কল্পনা করতে পারেন একজন শিশু হয়ে আর—আর আপনার কাছে—একটি জ্ঞান ছিল, এটা কত আনন্দময় পায়ে হেঁটে ঘুরে বেড়ানো, দেখুন গাছে ফুল ফুটছে, পাখিরা গান গাইছে, সূর্যের আলো, আর এইরকম জীবন, আর তারপর একটি গর্ভে আবদ্ধ হতে হবে? কেন, আপনি কিছুতেই ফিরে যেতে চান না।

61 ঠিক আছে, তাহলে, আমরা, আমাদের—আমাদের চিন্তাভাবনা অসাড় হয়ে যাবে, উপরে, অথবা সেখানে কি আছে তা ভাবার চেষ্টা করা। যখন, শাস্ত্র বলে, "চক্ষু যাহা দেখে নাই, কর্ণ যাহা শুনে নাই, অথবা মনুষ্যের হৃদয়াকাশে যাহা উঠে নাই, যাহা ঈশ্বর, যাহারা তাঁহাকে প্রেম করে, তাহাদের জন্য প্রস্তুত করিয়াছেন।" দেখুন? তাই আমরা জানি যে এটি অন্য দিকে মহিমান্বিত। কোন একদিন, মৃত্যু, যাকে আমরা মৃত্যু বলি, আমাদের নতুন জন্ম প্রদান করবে, আর আমরা অন্য জগতে চলে আসব, অন্য দিকে।

62 ভাই জর্জ, আপনি বৃদ্ধ হবেন না, পঙ্গু হবেন না, সেখানে। আর ভাই এবং বোন স্পেন্সার, এবং আমাদের মতো কেউ কেউ বয়স্ক, এবং আরও অনেকে, আর আমরা সেখানে চিরকাল তরুণ থাকব।

> এই পুরা...এই দেহের পোশাক আমি ফেলে দিব,
> আর উঠব
> এবং চিরস্থায়ী পুরস্কার দখল করব,

আর চিৎকার করব, বাতাসের মধ্য দিয়ে যাওয়ার
সময়,
"বিদায়, বিদায়, প্রার্থনার মধুর সময়!"

63 তখন সব শেষ। প্রার্থনার আর দীর্ঘ রাত নেই, আর নেই। শুধু সেই তরুণ, আনন্দময় যুগে প্রবেশ করুন সেখানে থাকার জন্য, শুধু এক বছর, অথবা পঞ্চাশ বছর, অথবা দশ লক্ষ বছরের জন্য নয়, কিন্তু আমরা সেখানে একশ বিলিয়ন বছর থাকব, আমরা শুরুও করব না। এটাই। তাহলে কেন আজ সকালে আমাদের খুশি হওয়া উচিত নয়? কেন আমাদের আনন্দ করা উচিত নয়? কেন আমাদের ঈশ্বরের দেওয়া প্রতিটি মহান বিষয়ের সদ্ব্যবহার করা উচিত নয়?

64 এখানে ঐশ্বরিক আরোগ্যকরণ। কেন যীশু ক্ষতবিক্ষত হয়েছিলেন; ছবিটি ছিঁড়ে ফেলার জন্য, বলুন, "এতে এমন কিছু নেই"? তিনি সেখানে তার শরীরকে ক্ষতবিক্ষত করেছিলেন, পাঁজরগুলি দেখা যাচ্ছিল, "তাঁহার ক্ষত দ্বারা আমরা সুস্থ হইয়াছি।" আসুন আজ সকালে ছবিটি ছিঁড়ে না ফেলি। আসুন এটা আলিঙ্গন করি, এটা গ্রহণ করি।

65 এখন, ভাই, এবং এখন আপনারা প্রত্যেকে যার জন্য প্রার্থনা করা হবে, যদি আপনি বেদীর পাশে দাঁড়ান। যখন বার্তাটি চলে গিয়েছে, কয়েক মুহূর্ত আগে, ব্যাখ্যা এবং অন্য ভাষার মাধ্যমে, যে আমরা অসুস্থদের উপর হাত রাখব এবং ঈশ্বরের শক্তিশালী কাজগুলি দেখব।

66 এখন, আমাদের ভাই, আপনাকে দাঁড়াতে হবে না, ভাই, সেখানে একটি খাটের উপর শুয়ে আছেন। আমরা আপনার কাছে আসব।

67 কিন্তু যদি এখানে প্রার্থনা করার জন্য অন্য কেউ থাকে, বেদীর পাশে দাঁড়াতে চান, যখন ভাই ও আমি প্রার্থনা করি এবং অসুস্থদের উপর হাত রাখি, আপনি এখনই আসুন। আর মনে রাখবেন, সেই ছবিটিকে আলিঙ্গন করুন, "তাঁর ক্ষত দ্বারা আমরা সুস্থ হইয়াছি।"

68 "আমি এটা বুঝতে পারছি না, প্রভু।" অবশ্যই, আপনি করবেন না। আপনি এখনও পৃথিবীর গর্ভে আছেন।

69 কিন্তু তিনি সেই প্রস্তুতিগুলি করেছিলেন। আর তিনি নিতেন না...কেন তিনি ক্ষতবিক্ষত হয়েছিলেন? শুধু ছবিটা ছিঁড়ে ফেলার জন্য, নাকি গানটা ছিঁড়ে ফেলার জন্য? না, মহাশয়। তিনি ক্ষতবিক্ষত, আহত এবং রক্তপাত করেছিলেন, যাতে আমরা সুস্থ হতে পারি। আর এর দ্বারা, আমরা, "তার ক্ষত দ্বারা, আমরা

সুস্থ হয়েছি," আমরা প্রত্যেকে। এখন, যখন আপনারা আসছেন, প্রার্থনার জন্য বেদীর পাশে জড়ো হচ্ছেন।

70 এখন, এখানে অনেকেই সুপার-ডুপার আমেরিকান সুসমাচার প্রচার, এবং এই বিষয়ে কথা বলেন, "আপনাকে *এটা* করতে হবে, *সেটা* করতে হবে।"

71 একটি বিষয়ে আমি আপনার সাথে সৎ হতে চাই, আমার বন্ধু। বিষয়টি হল, ঈশ্বর যেভাবে সুস্থ করেন, তা হল তাঁর সেবার ভিত্তিতে। দেখুন? এটা তাঁর সেবার ভিত্তিতে। আমাদের অবশ্যই আমাদের নিরাময়কে গ্রহণ করতে হবে এই ভিত্তিতে, যে, আমরা সুস্থ হওয়ার পরে আমরা তাঁর সেবা করব। এখন, বাইবেল বলে, "তোমাদের দোষ স্বীকার কর, একে অপরের কাছে। একে অপরের জন্য প্রার্থনা কর, যেন তোমরা সুস্থ হতে পার।" দেখুন? এটা এর ভিত্তিতে, আপনি ঈশ্বরের সেবা করবেন। আপনাদের মধ্যে অনেকেই এখানে, সম্ভবত, মৃত অবস্থায় আছেন, আর যদি কিছু না ঘটে তবে আপনাকে—আপনাকে অবশ্যই মরতে হবে। তখন আমি আপনাকে চাই, আপনার হৃদয়ে...

72 এখন, আমরা আপনাকে তেল দিয়ে অভিষেক করতে পারি, আমরা আপনার জন্য প্রার্থনা করতে পারি, পালক ও আমি, বিশ্বাসের প্রার্থনা করতে পারি, আমরা যা করতে পারি সবকিছু করি, কিন্তু যতক্ষণ না আপনারা খ্রীষ্টের সঙ্গে সহভাগিতায় প্রবেশ করেন, ততক্ষণ এটি কোন মঙ্গল করবে না। দেখুন? আপনাকে সেই সহভাগিতাতে আসতে হবে, যে, "আমি, সদাপ্রভু..."

73 আমি একজন—একজন—একজন যুবতীকে এখন সেখানে আসতে দেখছি। তিনি এখানে এসেছিলেন, খুব বেশি দিন হয়নি, একটি টিউমার বা হজকিন রোগের মতো কিছু নিয়ে। আর তিনি একজন মেথডিস্ট, বিশ্বাসের দ্বারা। আমি বিশ্বাস করি সেটা ঠিক, তাই না, বোন? আর তার পাশে একটি বড় পিণ্ড ছিল। আর এখন তিনি সেখানে দাঁড়িয়ে আছে, সুস্থ হয়ে গেছেন।

74 আমি বোন ওয়েভারকে এখানে দাঁড়িয়ে থাকতে দেখছি, আমার সারা জীবনে দেখা ক্যান্সারের সবচেয়ে ভয়াবহ কেসগুলোর মধ্যে এটি ছিল একটি। আর প্রথম বিষয় আমি তাকে জিজ্ঞাসা করেছি, তিনি কি যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম গ্রহণ করবেন এবং তার পাপ স্বীকার করবেন। যখন আমি তাকে এখানে এই জলে নিয়েছিলাম, তখন আমাকে তাকে ধরে রাখতে হয়েছিল; তিনি খুব শীর্ণ ছিলেন, তার বাহু, খুব দুর্বল ছিল। আর তিনি যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম

নিয়েছিলেন। আর সেটা অন্তত দশ বছর আগের কথা, তাই না, বোন? [বোন ওয়েভার বলেন, "না। সেটা ষোল বছর আগের কথা।"—সম্পাদকীয়।] ষোল বছর আগে। ষোল বছর রেহাইপ্রাপ্ত জীবন, কারণ তিনি বাধ্য হতে ইচ্ছুক ছিলেন। যখন এখানকার সবচেয়ে ভালো ডাক্তার...

75 কেন, তার নিজের ডাক্তার আমাকে বলেছিলেন। যখন, আমি তাকে বলেছিলাম—তাকে বলেছিলাম, বলেছিলাম, "তিনি সুস্থ হয়েছেন।"

76 বললেন, "ওহ, ওহ! তিনি কয়েক সপ্তাহের মধ্যে ক্যান্সারে মারা যাবেন। এটা নিয়ে চিন্তা করবেন না। তিনি চলে যাবেন। আর কয়েক সপ্তাহ, তিনি চলে যাবেন।" আর তিনি ইতিমধ্যেই তাকে প্রায় এক দিন বাঁচতে দিয়েছিলেন। আর তিনি এখানে, আজ, ষোল বছর পর, বেদীর কাছে দাঁড়িয়ে আছেন। আমি আর কি বলতে পারি, বারবার, এবং বারবার!

77 এখন, ঈশ্বর শুধু তার সন্তানদের একজনের জন্য এটা করেন, এবং অন্য সন্তানের জন্য এটা করেন না তা নয়। তিনি তার সন্তানদের জন্য এটা করেন। "যে ইচ্ছা করে আসতে পারে।" এটা...আপনি তাঁর কাছে আমন্ত্রিত। এখন, "বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে।" বাইবেল সেটা বলে।

78 এখন—এখন, যদি...আমি যা চাই আপনি করুন তা হল, ঈশ্বরের কাছে আপনার দোষ স্বীকার করুন, আর বলুন, "প্রভু, আমাকে সুস্থ করুন।" আপনি যদি কখনও রূপান্তরিত না হয়ে থাকেন, আপনার হৃদয় খ্রীষ্টের কাছে সমর্পণ করুন। আর যদি আপনি কখনও বাপ্তিস্ম না নিয়ে থাকেন, জলে, যীশু খ্রীষ্টের নামে, সেখানে একটি পুষ্করিণী প্রস্তুত আছে। দেখুন?

79 আর এই ভদ্রমহিলা এখানে রাস্তার ওপারে; যখন সেই অবিশ্বাসী তার দ্বারা ধর্মান্তরিত হয়েছিল। যখন তিনি শুয়ে ছিলেন...তারা তাকে সিলভারক্রেস্ট থেকে বাড়িতে পাঠিয়েছিল, যক্ষ্মা সহ, মারা যাচ্ছিলেন। আর যখন আমি সেখানে গিয়েছিলাম, আর প্রভু একটি দর্শন দিয়েছিলেন, বলেছিলেন, "তিনি সুস্থ হতে যাচ্ছেন।"

80 আর তিনি সেখানে আমার সাথে দেখা করলেন, পরের দিন সকালে, মিস্টার অ্যান্ড্রুজ, আর আমাকে চিৎকার করে বের করে দিলেন। বললেন, "এমন একটি মিথ্যা আশা, সেই মহিলার বিষয়ে!"

81 আমি বললাম, "মহাশয়। অ্যান্ড্রুজ, এটি একটি মিথ্যা আশা নয়। মহিলাটি একজন খ্রিস্টান। আর যখন তিনি সক্ষম হবেন, তিনি বাপ্তিস্ম নিতে আসছেন।"

82 আর তিনি বললেন, "তিনি মারা যাচ্ছেন।" বললেন, "আমি... কিভাবে তাকে সিলভারক্রেস্ট থেকে বাড়িতে পাঠানো যেতে পারে?"

83 আমি বললাম, "মহাশয়, আপনি দেখছেন, আপনি...আপনি কি দেখছেন, আপনি ডাক্তার কি বলছেন তা দেখছেন। আমি দেখছি ঈশ্বর কি বলেছেন।" দেখুন?

84 এখন, এটাই শুধু পার্থক্য, আপনি কি দেখছেন। দেখুন? ডাক্তার কি বলছেন আপনি তা দেখুন, আপনি নিশ্চিত মারা যাবেন। কিন্তু ঈশ্বর কি বলেছেন তা আপনাকে দেখতে হবে। আপনি কার কথা গ্রহণ করতে যাচ্ছেন?

85 যদি অব্রাহাম ডাক্তারের মতামত নিতেন তার বয়স একশ বছর, আর তার স্ত্রীর দ্বারা একটি সন্তান হতে চলেছে, নব্বই? তখন তিনি কি করতেন? দেখুন? কেন, ডাক্তার বলবেন, "লোকটি পাগল।" কিন্তু ঈশ্বর তাকে ধার্মিক বলে গণ্য করলেন, কারণ তিনি ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন। দেখুন? এখন, আপনি...

86 আর মহিলাটি জীবিত ছিলেন। তিনি বাপ্তিস্ম নিতে অবহেলা করেছিলেন, যীশু খ্রীষ্টের নামে, কারণ আমি মনে করি তিনি একজন মেথডিস্ট বা প্রেসবিটেরিয়ান ছিলেন। তিনি ক্রমশ অসুস্থ হতে শুরু করেন। আর তিনি এসে গ্রেস ওয়েবারকে নিয়েছিলেন, যিনি সঠিক ভাবে জীবনযাপন করছিলেন, অথবা, এখনও সেখানে আছেন, তার মেয়ে আছেন, পোশাক পরিধান করে এখানে এসে যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নিয়েছিলেন, জ্বর সহ, মাংসপিণ্ডের রোগ তার কাঁধে এবং সবকিছুতে ছড়িয়ে পড়েছিল, জ্বর সহ, একশো চার। আর এখানেই বাপ্তিস্ম নিয়েছিলেন, যীশু খ্রীষ্টের নামে। আর তিনি এখান থেকে রাস্তার ওপারে থাকেন। এখন হয়তো এখানে বসে আছেন। আমি তাকে দেখতে পাই কিনা তা দেখার জন্য চারপাশে তাকালাম, কয়েক মিনিট আগে। দেখুন? বাধ্যতা, আপনারা দেখুন।

87 এটা শুধু ঘুরে বেড়ানো না...আমি আমাদের কিছু ভাইদের থেকে আলাদা করি, শুধু *এটির* উপর হাত রাখা, *সেটি*, আর *অন্যটি*, এইরকম, আর বলা যে এক ধরনের সুপার-ডুপার বিশ্বাস বলে এটা করবে। সেটা এটি নয়। আপনাদের প্রকৃত, দৃঢ়, বাইবেলের, পবিত্র

আত্মার বিশ্বাস থাকতে হবে। দেখুন ? এটা করে না, এটা স্থায়ী হবে না। এটা দীর্ঘস্থায়ী নয়।

88 এই কারণেই আমি প্রভুকে ধন্যবাদ জানাতে পারি যে তিনি আমাকে এতদূর সাহায্য করেছেন। যে—যে—যে আরোগ্যদান হয়েছে তা প্রকৃত, কারণ সেগুলি সত্যিকারের **সদাপ্রভু এই কথা কহেন** এর উপর নির্মিত হয়েছে। দেখুন ? তাই তারা দাঁড়াবে।

89 এখন—এখন, ছোট রবিবারের বিদ্যালয় হিসাবে, আমি এক মিনিট অপেক্ষা করছিলাম, আপনার সাথে কথা বলছিলাম, যতক্ষণ না তারা তাদের স্থান পেয়েছে, অবস্থানগতভাবে, যাতে আমরা এখন শান্ত হতে পারি। আমরা মাত্র কয়েক মিনিট সময় পেয়েছি, আমরা প্রার্থনা করব, প্রার্থনা শুরু করব।

90 এখন, আমি চাই আপনারা প্রত্যেকে ঈশ্বরের কাছে আপনার ভুল স্বীকার করুন, এবং ঈশ্বরকে প্রতিশ্রুতি দিন যে আপনি তাঁর সেবা করবেন এবং আপনার পক্ষে যা সম্ভব তা করবেন। আর পালক ও আমি প্রার্থনা করতে যাচ্ছি, আর আপনার উপর হাত রাখার জন্য আসছি, আপনি নিশ্চিত সুস্থ হয়ে যাবেন যদি আপনি এটা বিশ্বাস করেন।

91 সেই লোকেরা কিভাবে খঁজের যষ্টি সহ, এবং বধির, এবং মূক, এবং অন্ধ, গত রবিবার বিকেলে, প্ল্যাটফর্ম পর্যন্ত হেঁটে আসেন, তাদের যষ্টি ফেলে দেন; প্ল্যাটফর্ম পর্যন্ত হেঁটে আসেন, চোখ খুলে যায়, আপনারা জানেন, এভাবে ? তাদের শত গুণ শত শত ! যতক্ষণ না, আমি এতটাই দুর্বল হয়ে পড়ি, তারা আমাকে প্রায় সেই স্থান থেকে তুলে নিয়ে গিয়েছিল, শুধু দাঁড়িয়ে ছিলাম, তারা পাশ দিয়ে যাচ্ছিল। দেখুন ? একটি লাইন যা এখান থেকে জেফারসনভিল হাই স্কুল পর্যন্ত পৌঁছাবে, প্রায়, সারিবদ্ধ, লাইনের মধ্য দিয়ে আসেন। আর আমি জানি না তাদের মধ্যে একজন আছেন কিনা, এর মধ্য দিয়ে গেছেন, কিন্তু সুস্থ হয়েছিলেন। দেখুন ? কারণ তারা বাস্তব, প্রকৃত খ্রিস্টান বিশ্বাস এবং বিশ্বাসের ভিত্তিতে আসেন। তারা...এটা ঘটতেই হবে।

এখন আপনারা মাথা নত করুন, সকলে, আমাকে তাদের জন্য প্রার্থনা করতে সাহায্য করুন।

92 প্রভু যীশু, আমরা আজ সকালে আপনার কাছে নিয়ে এসেছি, এই শ্রোতারা এখানে দাঁড়িয়ে আছেন, অপেক্ষা করছেন, অসুস্থ, পীড়িত, যন্ত্রণাপ্রাপ্ত শিশুদের জন্য। তারা যে কোনো আশার বাইরে, তাদের অনেকে, প্রভু, ডাক্তারদের সেবা, বিশেষ করে এই লোকটি

এখানে এই খাটের উপর শুয়ে আছেন। এটা হয় আপনার অনুগ্রহ অথবা তিনি কয়েক দিনের মধ্যে পৃথিবী থেকে চলে আসবেন। আর কোন সন্দেহ নেই, এখানে বেদীর পাশে কিছু লোক দাঁড়িয়ে থাকতে পারেন, হার্ট অ্যাটাক তাদের জন্য অপেক্ষা করছে, এবং রোগ, এবং দুঃখকষ্ট যা তাদের ছিঁড়ে ফেলবে।

93 শুধুমাত্র একটি জিনিস রয়েছে, পিতা, যা তাদের বাঁচাতে পারে, সেটা হল, এই দেহের পঞ্চ ইন্দ্রিয়ের বাইরে যাওয়া, যেখানে ডাক্তাররা বিশ্বস্ততার সাথে চেষ্টা করেছেন, নিঃসন্দেহে, তাদের জীবন বাঁচানোর জন্য; রোগ, ক্যান্সার, টিবি, হার্টের সমস্যা। আর সমস্ত প্রলেপ, টিউব, এবং উপকরণ, এবং—এবং—এবং জীবাণু-নাশক ওষুধ দিয়ে, সেই শত্রু তাদের প্রাণ নিতে জড়ো হয়েছে।

94 আর আমি প্রকাশ করেছি, প্রভু, আমি বিশ্বাস করি, আপনার মতামত, তাদের কাছে। আর আমি আজ সকালে লোকটিকে অন্য ভাষায় কথা বলতে শুনেছি, আর সেই ব্যাখ্যা দিয়েছেন, আজ কি ঘটবে। তাদের মধ্যে কেউ কেউ এটা গ্রহণ করতে যাচ্ছে, প্রভু, নিশ্চয়ই। সেটা ঠিক। আমি এটা বিশ্বাস করি।

95 আর এখন, বাইবেলে যেমন লেখা আছে, দায়ূদ, সেই ছোট্ট রাখাল ছেলে, মরুভূমির আড়ালে তার পিতার ভেড়া দেখছিলেন। আর একদিন একটি সিংহ এসে তার পিতার একটি মেষশাবক নিয়ে যায়, আর সেটি নিয়ে পালিয়ে যায়। আর সেই ছোট্ট রাখাল ছেলে, বিশ্বাস সহ, তাকে এই সিংহের বিরুদ্ধে আসতে কি হয়েছিল? আধুনিক রাইফেল বা বন্দুক নয়। কিন্তু তার কাছে একটি ছোট গুলতি ছিল, আর সে সেই সিংহের পিছনে চলে যায়। সে সেই সিংহটিকে মেরেছিল, এবং সেই ভেড়াটিকে ফিরিয়ে নিয়ে আসে। একটি ভালুক এসে একটি নিয়ে যায়; সে সেই ভাল্লুকের পিছনে যায় যা তাকে পৃথিবীতে পিষে ফেলতে পারে। কিন্তু সে ভাল্লুকের আকার সম্পর্কে ভাবেনি, অথবা সিংহের শক্তি, অথবা তার দ্রুততা, অথবা গুলতি দিয়ে তার অক্ষমতা।

96 কিন্তু যখন তিনি রাজা শৌলের সামনে দাঁড়ালেন, তখন তিনি বললেন, "আপনার সেবক আপন পিতার মেষ চরাইতেছিল, আর একটি সিংহ আসিয়া একটি লইল, আর দৌড়িয়া চলিয়া গেল। আর আমি তাহার পশ্চাতে পশ্চাতে গিয়া মেষটিকে ফিরাইয়া আনিলাম।" তিনি বলেছিলেন, "সেই ঈশ্বর যিনি আমাকে হস্ত হইতে, অথবা সেই ভাল্লুকের থাবা হইতে, অথবা সেই সিংহের মুখ হইতে উদ্ধার

করিয়াছিলেন, এই অছিন্নত্বক পলেষ্টীয়কে ধরিয়া আমার হাতে সমর্পণ করিতে পারেন।”

97 আমরা জানি গল্পটি কীভাবে এগিয়ে যায়, যে তিনি হত্যা করেছিলেন; একজন মানুষকে হত্যা করেছিলেন যে তার চেয়ে অনেক, অনেক গুণ বড় এবং একজন যোদ্ধা। এটা শৌলকে কিভাবে স্তব্ধ করেছিল, সেই মহান রাজা, মহান, পরাক্রমশালী ব্যক্তি, কিভাবে সেই ছোট্ট ছেলেটি একটি গুলতির উপর এত বিশ্বাস করতে পারে। না, গুলতির মধ্যে নয়, কিন্তু ঈশ্বরে।

98 এখন, প্রভু, এই বেদীর চারপাশে দাঁড়িয়ে, এখানে এই খাটের উপর শুয়ে আছেন, সে ঈশ্বরের মেষ, ছোট মেষ, যেমন সে ছিল, তাঁর কাছে। তারা ক্যান্সার নামক সিংহ দ্বারা আক্রান্ত হয়েছে, টিবি নামক একটি ভাল্লুক দ্বারা আক্রান্ত হয়েছে, অন্যান্য রোগ যা তাদের ধরেছে, তাদের বের করে দিন এবং তাদের টুকরো টুকরো করে দিন। প্রভু, আমি—আমি তাদের পিছনে আসছি, একটি ছোট গুলতি নিয়ে যাকে বলা হয় বিশ্বাসের প্রার্থনা। এটা খুব বেশি নয়, কিন্তু আমি জানি এটা কি করেছে। আর আমি জানি এটা এখনও একই ঈশ্বর। আমি তাদের পিছনে পিছনে আসছি, আজ সকালে, তাদের ফিরিয়ে আনতে, প্রভু, সুস্বাস্থ্যের ছায়াময় সবুজ চারণভূমিতে, শান্তির স্থির জলের ধারে, এবং তাদের হতাশা থেকে দূরে, আপনার উপর বিশ্বাস করার জন্য।

99 আর আমি তাদের পিছু পিছু যাই, যে বর্ম আপনি ভিতরে যাওয়ার জন্য দিয়েছিলেন। “বিশ্বাসের প্রার্থনা পীড়িতদিগকে রক্ষা করিবে, আর ঈশ্বর তাহাদিগকে উঠাইবেন। যদি তারা কোন পাপ করে থাকে, তবে তা তাদের ক্ষমা করা হবে।”

100 আর, পিতা, আমরা এখন শত্রুর সঙ্গে দেখা করতে যাই, সিংহের সঙ্গে দেখা করতে, তার সঙ্গে দেখা করতে সেই—সেই শয়তান যে সমস্ত রূপে সে আছে, ক্যান্সার, টিবি, হজকিন্স ডিজিজ, হার্টের সমস্যা, অন্য কোন রোগ। আমরা তাকে খুঁজতে এসেছি, এবং এই মেষশাবককে আবার ঈশ্বরের গৃহে ফিরিয়ে আনছি। যীশু খ্রীষ্টের নামে আমরা গমণ করি, এই গুলতি ব্যবহার করতে যা আপনি আমাদের দিয়েছেন। আমাদের সঙ্গে থাকুন, পিতা, আমরা যখন শ্রদ্ধার সঙ্গে আপনার কাছে গমণ করি, যীশুর নামে।

101 আমি চাই আপনারা আপনাদের মাথা নত রাখুন। আর আমরা তেল নিয়ে অভিষেক করতে আসছি, এবং অসুস্থদের উপর হাত রাখার জন্য, এবং বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে। এখানে

থাকা প্রতিটি খ্রিস্টান, এই প্রার্থনা লাইনে আপনার বিশ্বাস রাখুন।

[প্রার্থনার লাইন সাড়ে তিন মিনিট ধরে চলে, ভাই ব্রানহামের অনেক কথাই অস্পষ্ট—সম্পাদকীয়।]

যীশু খ্রীষ্টের নামে!

যীশু খ্রীষ্টের নামে!

যীশুর নাম!

যীশু খ্রীষ্টের নামে!

যীশুর নাম!

পিতা, আমি শয়তানকে ধমক দিই!... ?...

যীশু খ্রীষ্টের নামে!

যীশু খ্রীষ্টের নামে!... ?...

যীশু খ্রীষ্টের নামে!

আসুন এবং বিশ্বাস করুন... ?...আর এটা করা হবে!... ?...

প্রভু, আপনি... ?...

ঈশ্বর... ?...

102 প্রভু, আপনি...আপনি সুযোগ লিখেছেন। আপনি নিকট আত্মীয়, খ্রীষ্ট!... ?...যীশু খ্রীষ্টের নামে!

103 "বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে।" আমি চাই আপনি তার জন্য এটা করুন। তাকে একজন সুস্থ মহিলায় ফিরিয়ে আনুন!... ?...

যীশু খ্রীষ্টের নাম, তাকে ফিরিয়ে আনুন!

যীশু খ্রীষ্টের নামে, তাকে ফিরিয়ে আনুন!... ?...

যীশু খ্রীষ্টের নামে, আমার বোনকে ফিরিয়ে আনছি।

যীশু খ্রীষ্টের নামে, আমার ভাইকে ফিরিয়ে আনছি!... ?...

যীশু খ্রীষ্টের নামে!... ?...

যীশু খ্রীষ্টের নামে!... ?...

যীশু খ্রীষ্টের নামে!... ?...

আপনি কখনও করেননি। প্রভু আপনাকে আশীর্বাদ করুন!

আমি এর পিছনে আসছি, আজ সকালে!... ?...

104 যীশু খ্রীষ্টের নামে, আমি আপনাকে ফিরিয়ে আনছি, বিশ্বাসের প্রার্থনার দ্বারা, দাসত্ব থেকে!... ?...আমরা আমাদের বিশ্বাস এর সাথে যোগ করি... ?...

শুধু বিশ্বাস;

এখন আমাদের মাথা নত করে। এখন:

শুধু বিশ্বাস করুন, শুধুমাত্র বিশ্বাস করুন,
...বিষয়গুলি সম্ভব, শুধুমাত্র বিশ্বাস করুন।
হে প্রভু, আমি বিশ্বাস করি, হে প্রভু, আমি বিশ্বাস করি,
সব কিছুই সম্ভব...

আসুন এখন হাত উপরে করে।

...প্রভু, আমি বিশ্বাস করি;
হে প্রভু, আমি বিশ্বাস করি; প্রভু, আমি বিশ্বাস করি,
সব কিছুই সম্ভব, প্রভু, আমি বিশ্বাস করি।

105 আমাদের স্বর্গীয় পিতা, যারা উঠতে পারে, তাদের হাত উপরে তুলেছে, যে তারা এটা গ্রহণ করেছে। এই ভাই যিনি খাটের উপর শুয়ে ছিলেন, উপরে উঠেছিলেন, দেখানোর জন্য যে তিনি তার আরোগ্য গ্রহণ করেছেন। আমরা বিশ্বাস করি, প্রভু, তারা এখন শান্তিপূর্ণভাবে ছায়াময় সবুজ চারণভূমিতে ফিরে আসছে, স্থির জলের ধারে, আবার সুস্থ হওয়ার জন্য, যীশুর নামের মাধ্যমে। আমরা এর জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমেন।

106 ঠিক আছে, ভাই নেভিল, আমি এখানে বসে এখন আপনার প্রচার শুনব।

107 [এর আগে ধর্মোপদেশে ভাই ব্রানহাম "ছোট মন্তব্য" উল্লেখ করেছিলেন যে ভাই থমাস আর. নিকেল, ফুল গসপেল মেনস ভয়েস এর সম্পাদক, নিবন্ধের প্রথম পৃষ্ঠায় রেখেছিলেন, যা এটি বলে: "**সামনের প্রচ্ছদে ফটোগ্রাফের বিষয়ে:** বাইবেলের সময়ে, ঈশ্বরের লোকেরা ছিলেন যারা ভাববাদী এবং দ্রষ্টা ছিলেন। কিন্তু সমস্ত পবিত্র নথিতে, তাদের কারোর উইলিয়াম ব্রানহামের চেয়ে বড় সেবাকার্য্য ছিল না, ঈশ্বরের একজন ভাববাদী এবং দ্রষ্টা, যার ছবি ফুল গসপেল মেন্স ভয়েসের এই সংখ্যার সামনের প্রচ্ছদে প্রদর্শিত হয়েছে। ব্রানহামকে ঈশ্বর ব্যবহার করেছেন, যীশুর নামে, মৃতদের জীবিত করার জন্য!"—সম্পাদকীয়।]

61-0305 সময়ের পর্দার ওপারে
ব্রানহাম ট্যাবারনাকেল
জেফারসনভিল, ইন্ডিয়ানা ইউ.এস.এ.

BENGALI

©2026 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

Voice Of God Recordings, India Office
19 (New No: 28) Shenoy Road, Nungambakkam
Chennai 600 034, India
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

Voice Of God Recordings
P.O. Box 950, Jeffersonville, Indiana 47131 U.S.A.
www.branham.org